

বার্ষিক প্রতিবেদন

২০১৭-১৮



# বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮



ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

## বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, ২০১৭-২০১৮

### প্রধান পৃষ্ঠপোষক

জনাব ইমরান আহমদ এমপি  
মাননীয় মন্ত্রী  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

### উপদেষ্টা পরিষদ

রৌনক জাহান  
সচিব  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

জনাব গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।

### কমিটির সদস্যগণ

- |  |            |
|--|------------|
| ১। জনাব মোঃ শফিকুল ইসলাম<br>যুগ্মসচিব ও পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।  | সভাপতি     |
| ২। নূরুন আখতার<br>উপসচিব ও পরিচালক (আইআরপি)<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।                      | সদস্য      |
| ৩। জনাব মুহাম্মদ হাবিবুল্লাহ বাহার<br>উপ-পরিচালক (কল্যাণ)<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।        | সদস্য      |
| ৪। জনাব মোঃ জাহিদ আনোয়ার<br>উপ-পরিচালক (আরপিটি)<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।                 | সদস্য      |
| ৫। জনাব পাশু মজুমদার<br>প্রোগ্রামার (ওয়েব)<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।                      | সদস্য      |
| ৬। জনাব মোঃ নাজমুল হক<br>উপ-সহকারী পরিচালক<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড।                       | সদস্য      |
| ৭। জনাব মোঃ জহিরুল ইসলাম<br>উপসচিব ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড। | সদস্য সচিব |

প্রচ্ছদ ও কম্পিউটার গ্রাফিক্স  
মুদ্রণ : ডট নেট লিমিটেড  
৫১-৫১/এ পুরানা পল্টন, লেভেল-৩, ঢাকা- ১০০০।



বাণী

ইমরান আহমদ, এমপি  
মাননীয় মন্ত্রী  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে আত্মপ্রকাশ করেছে। বাংলাদেশের উদীয়মান অর্থনীতিতে প্রবাসী কর্মীর রেমিট্যান্সের অবদান অনস্বীকার্য।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন প্রবাসী কর্মী ও তাদের পরিবারের কল্যাণে প্রতিষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বার্ষিক প্রতিবেদন- ২০১৭-১৮ প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মীদের জন্য তার সেবামূলক কার্যক্রম ডিজিটাইজেশন করে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং সেবা প্রার্থীদের ভোগান্তি লাঘবে উদ্যোগ অব্যাহত রেখেছে। এছাড়াও অনাবাসী বাংলাদেশিদের বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তি এবং প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে কর্মীদের দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দেয়া হচ্ছে।

আমি বিশ্বাস করি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সেবা প্রদানে নতুন নতুন দৃষ্টান্ত স্থাপন করবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্বপ্নালিত সমৃদ্ধির অগ্রযাত্রায় আগামীর বাংলাদেশ বিনির্মাণে আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করবে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ ভবিষ্যতে অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

(ইমরান আহমদ এমপি)





### বাণী

## রৌনক জাহান

সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
ও সভাপতি, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড পরিচালনা পরিষদ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ প্রকাশ করা হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। অভিবাসীদের নিরাপদ, নিয়মিত, সু-শৃঙ্খল এবং মর্যাদাপূর্ণ অভিবাসন প্রক্রিয়ায় এ মন্ত্রণালয় প্রতিশ্রুতিবদ্ধ। এর পাশাপাশি প্রবাসী কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণে ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড কাজ করছে। প্রতিষ্ঠানটি বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান, বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যম বিদেশগামী ও প্রত্যগত কর্মীদের সহায়তা, তাঁদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে কোটা সংরক্ষণ, প্রবাসে মৃত্যুবরণকারী বৈধ কর্মীদের মৃতদেহ দেশে আনয়ন, অ্যাম্বুলেন্স সুবিধা প্রদানসহ মৃতদেহ পরিবহন ও দাফন খরচ প্রদান, পরিবারকে আর্থিক অনুদান প্রদান, মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট আদায়ে সহায়তা করছে। এছাড়া প্রবাসে আটক ও বিপদগ্রস্ত কর্মীদের আইনগত সহায়তা প্রদান ও ফেরত আনয়ন, সে দেশে নিয়োজিত শ্রম উইং এর মাধ্যমে প্রশাসনিক ও আইনগত সহায়তা, অসুস্থ কর্মীদের দেশে আনয়ন ও চিকিৎসার্থে আর্থিক সাহায্য প্রদান, বিপদগ্রস্ত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় প্রদানসহ কর্মরত কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণে কাজ করছে। প্রবাসীদের কল্যাণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রতিষ্ঠাকালীন সময়ে মূলধন সরবরাহ সহ প্রতিটি প্রবাসী কর্মীদের বাধ্যতামূলক বীমা সুবিধা প্রদানের লক্ষ্যে এই বোর্ড কাজ করছে।

অনাবাসী বাংলাদেশিদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে তাদেরকে কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রদানসহ বিভিন্ন সেবার আওতায় আনা হয়েছে। আমি আশা করি, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য নতুন নতুন উদ্যোগ গ্রহণ করবে। বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় আমি ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড এর সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক অভিনন্দন জানাই এবং ভবিষ্যতে আরও দক্ষতা, একাগ্রতার এবং প্রবাসী কর্মীদের কল্যাণের মানসিকতা নিয়ে কাজ করার জন্য অনুরোধ করছি।

(রৌনক জাহান)



বাণী

গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ সাধনে কাজ করে যাচ্ছে। তাঁদের মর্যাদা, অধিকার রক্ষা, জীবনমান উন্নয়ন এবং বহুমুখী কল্যাণ নিশ্চিতকরণে বোর্ড নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। প্রতিষ্ঠানটি বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান, বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের সহায়তা, তাঁদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা প্রদান করছে। বিদেশ হতে আগত অসুস্থ কর্মীদের চিকিৎসার্থে আর্থিক সহায়তা, প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন এবং মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সহায়তা, বিমানবন্দর থেকে মৃত ও অসুস্থ কর্মী পরিবহনে অ্যাম্বুলেন্স সুবিধা প্রদান, মৃতের পরিবারকে এককালীন আর্থিক অনুদান এবং মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় করে তা মৃতের ওয়ারিশদের নিকট বিতরণসহ তাঁদের কল্যাণে নানাবিধ কাজ করছে।

এছাড়া বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের শ্রম উইংয়ের মাধ্যমে কর্মীদের আইনগত সহায়তা প্রদান, আটক কর্মীদের মুক্তকরণ ও দেশে ফেরত আনয়ন, আহত ও অসুস্থ কর্মীদের সহায়তা, নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয়ের ব্যবস্থাসহ সকল ধরনের সহায়তা প্রদান করে যাচ্ছে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মান ও রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে কর্মীর দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দিতে বোর্ডের কার্যক্রম ডিজিটাইজেশন করা হয়েছে। সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও সময়সীমা নির্ধারণের পাশাপাশি বিইএফটিএন এর মাধ্যমে সেবা গ্রহীতার ব্যাংক একাউন্টে আর্থিক অনুদান, ক্ষতিপূরণসহ অন্যান্য অর্থ সরাসরি প্রেরণ করা হচ্ছে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বৃত্তির অর্থ শিক্ষার্থীদের নিকট প্রেরণ করে সময়ের অপচয় লাঘব হয়েছে। এছাড়া অনাবাসী ও অনিবন্ধিত প্রবাসী বাংলাদেশিদের বোর্ডের ডাটাবেজে অন্তর্ভুক্ত করে বোর্ড প্রদত্ত সকল সুযোগ-সুবিধার আওতাভুক্ত করা হয়েছে।

বার্ষিক প্রতিবেদন, ২০১৭-১৮ প্রকাশের মাধ্যমে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সার্বিক চিত্র সাধারণ মানুষের মাঝে তুলে ধরার একটি প্রয়াস। এর মাধ্যমে বোর্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে বলে আমি বিশ্বাস করি। ভবিষ্যতে এ প্রতিষ্ঠান প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণে আরও কার্যকর ভূমিকা পালনে সক্ষম হবে। অত্যন্ত আন্তরিকতা, নিষ্ঠা এবং সততার সাথে সেবা প্রদান করায় আমি বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের বিশেষভাবে ধন্যবাদ ও অভিনন্দন জানাই।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)





### সম্পাদকীয়



ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ডের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হলো। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বোর্ডের কার্যাবলি, সম্পাদিত কার্যক্রম, কর্মপরিকল্পনা, বাজেট এবং কর্মকর্তা-কর্মচারীদের তথ্যসহ অন্যান্য কার্যক্রমের বিবরণ সন্নিবেশিত করা হয়েছে।

প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণে ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড নানা ধরনের কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা, বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের সহায়তা, বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান, মৃতদেহ দেশে আনয়ন, বিমানবন্দর হতে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ প্রদান, পরিবারকে আর্থিক অনুদান এবং বিদেশ হতে আদায়কৃত ক্ষতিপূরণ ও বকেয়া অন্যান্য অর্থ পরিবারের সদস্যদের মধ্যে যথাসময়ে বিতরণ।

এছাড়া অসুস্থ কর্মীদের দেশে ফেরত আনয়ন, হাসপাতালে ভর্তি এবং চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। কর্মী ও তাঁর পরিবারকে আইনগত সহায়তা প্রদান, আটক কর্মীদের মুক্তকরণ, অসহায় কর্মীদের দেশে ফেরত আনয়ন এবং বিপদগ্রস্থ নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় প্রদানসহ দেশে ফেরত আনা হচ্ছে। এ ধরনের মানবিক কাজ অত্যন্ত স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে করে যাচ্ছে এ বোর্ড।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের অংশ হিসেবে বোর্ডের কার্যক্রম ও সেবাসমূহ ডিজিটাইজড করা হয়েছে। আর্থিক অনুদান প্রক্রিয়া অনলাইন, প্রবাসবন্ধু কলসেন্টার, ই-নথি, ইআরপিএর এবং ইজিপি'র মাধ্যমে সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন ডিজিটাইজেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

বিইএফটিএন এর মাধ্যমে সেবা গ্রহীতার ব্যাংক একাউন্টে সরাসরি আর্থিক অনুদান, ক্ষতিপূরণ ও অন্যান্য অর্থ এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীদের মোবাইলে বৃত্তির অর্থ প্রেরণের মতো যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করছে। এর ফলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের পাশাপাশি কার্যক্রমে গতিশীলতা এসেছে।

এছাড়া বিদেশগামী কর্মীদের স্বল্পসুদে ঋণ প্রদানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিশোধিত মূলধন ৪০০ কোটি টাকার মধ্যে ৩৮০ কোটি টাকা অর্থাৎ ৯৫% অর্থ প্রদান নিরাপদ অভিাসন নিশ্চিতকরণে বিশেষ ভূমিকা রাখবে বলে আশা করছি।

প্রকাশনায় উল্লিখিত তথ্যাদি সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের গবেষণা কাজে ব্যবহারসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তথ্য সমৃদ্ধকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে দৃঢ়ভাবে বিশ্বাস করি। পাঠকবৃন্দের যে কোন পরামর্শ/মতামত ভবিষ্যত প্রকাশনায় উৎকর্ষ সাধনে সহায়ক হবে।

২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশে মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব এবং বোর্ডের মহাপরিচালকের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রতিবেদনটি ত্রুটিমুক্ত ও তথ্য সমৃদ্ধ করতে সংশ্লিষ্ট সকলের অক্লান্ত পরিশ্রম প্রশংসার দাবী রাখে। বার্ষিক প্রতিবেদন প্রকাশের সঙ্গে জড়িত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

সম্পাদনা পরিষদ

## মূর্চি

### অধ্যায়-১ : বোর্ডের পরিচিতি

১.১	পটভূমি	০৯
১.২	ভিশন	০৯
১.৩	মিশন	০৯

### অধ্যায়-২ : সচেতনতামূলক কার্যক্রম

২.১	প্রাক-বহির্গমন ব্রিফিং	১০
২.২	স্থানীয় পর্যায়ে প্রচার	১০
২.৩	প্রবাসে প্রচার ও চিত্ত বিনোদন	১০-১১

### অধ্যায়-৩ : প্রবাসী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন ও পরিবারকে আর্থিক সহায়তা

৩.১	মৃতদেহ দেশে আনয়ন/সংশ্লিষ্ট দেশে দাফন	১২
৩.২	মৃতদেহ আনয়নে ব্যয়	১৩
৩.৩	মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ সহায়তা	১৪
৩.৪	আর্থিক অনুদান	১৫
৩.৫	মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্স বাবদ আদায়কৃত অর্থ বিতরণ	১৬

### অধ্যায়-৪ : অসুস্থ কর্মীদের সহায়তা

৪.১	চিকিৎসার্থে আর্থিক সহায়তা	১৭
৪.২	অসুস্থ কর্মীদের হাসপাতালে ভর্তি	১৮
৪.৩	প্রবাসে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীর চিকিৎসা	১৮
৪.৪	অ্যাম্বুলেন্স সুবিধা প্রদান	১৯

### অধ্যায়-৫ : কর্মীদের আইনগত সহায়তাসহ নারী কর্মীদের আশ্রয় প্রদান এবং কর্মীদের ফেরত আনয়ন

৫.১	স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইন সহায়তা	২০
৫.২	প্রবাসে আইনি সহায়তা	২০-২১
৫.৩	সেইফ হোম স্থাপন ও পরিচালনা	২২
৫.৪	নারী কর্মীদের দেশে ফেরত আনয়ন	২২-২৩
৫.৫	পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত আনয়ন	২৪-২৫

### অধ্যায়-৬ : শিক্ষা কার্যক্রম

৬.১	শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা	২৬
৬.২	শিক্ষা বৃত্তি প্রদান	২৬
৬.৩	প্রবাসে বাংলাদেশী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনায় সহায়তা	২৭

### অধ্যায়-৭ : বিমানবন্দর সেবা

৭.১	প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা	২৮
৭.২	নিরাপদ অভিবাসনে সহায়তা	২৮

**অধ্যায়-৮ : অর্জন**

৮.১	“ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড” আইন প্রণয়ন	২৯
৮.২	বীমা সুবিধা প্রদান	২৯
৮.৩	অনিবন্ধিত প্রবাসী ও অনাবাসী বাংলাদেশীদের বোর্ডের ডাটাবেজে অন্তর্ভুক্তি	২৯
৮.৪	প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহায়তা	২৯

**অধ্যায়-৯ : ডিজিটাইজেশন**

৯.১	ই-ফাইলিং	৩০
৯.২	প্রবাসবন্ধু কল সেন্টার	৩০
৯.৩	অনলাইন অভিযোগ	৩০
৯.৪	সোস্যাল মিডিয়া	৩০
৯.৫	ইআরপি	৩০

**অধ্যায়-১০ : ব্যয়ের বিবরণী (বোর্ড ও মিশন)**

১০.১	বোর্ডের কেন্দ্রীয় ব্যয়	৩১-৩৩
১০.২	ডিইএমও সমূহে বাজেট প্রদান	৩৪
১০.৩	প্রবাসী কর্মীদের কল্যাণে শ্রম উইংয়ে বাজেট প্রদান	৩৫

**অধ্যায়-১১ : উদ্ভাবনী কার্যক্রম**

১১.১	উদ্ভাবনী কার্যক্রম	৩৬
------	--------------------	----

**অধ্যায়-১২ : কার্যক্রমের পরিসংখ্যান**

১২.১	মৃতদেহ আনয়নের পরিসংখ্যান (দেশ ও মাস ভিত্তিক)	৩৭-৩৮
১২.২	মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্যের চেক হস্তান্তর (মাস ও দেশ ভিত্তিক)	৩৯-৪০
১২.৩	মৃতের পরিবারকে আর্থিক অনুদান প্রদান	৪১
১২.৪	আর্থিক অনুদান বিতরণ (দেশ ও মাস ভিত্তিক)	৪২
১২.৫	মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্সের অর্থ প্রদান	৪৩
১২.৬	মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স বাবদ আদায়কৃত অর্থ বিতরণ	৪৪

**অধ্যায়-১৩ : অর্থবছর ভিত্তিক সেবা প্রদানের চিত্র**

১৩.১	তিনটি আন্তর্জাতিক বিমানবন্দর হতে মৃতদেহ হস্তান্তর	৪৫
১৩.২	মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য প্রদান	৪৬-৪৭
১৩.৩	আর্থিক অনুদান বিতরণ	৪৮-৪৯
১৩.৪	মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ আদায়	৫০-৫১
১৩.৫	প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইন্স্যুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ বিতরণ	৫২-৫৩
১৩.৬	শিক্ষাবৃত্তি প্রদান	৫৪
১৩.৭	প্রাক-বহির্গমন ব্রিফিং গ্রহণকারী কর্মীর সংখ্যা	৫৫

**অধ্যায়-১৪ : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পরিচালনা পরিষদ, বিভিন্ন কমিটির প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের পরিচিতি**

১৪.১	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পরিচালনা পরিষদ সদস্যবৃন্দের পরিচিতি	৫৬-৫৭
১৪.২	ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নাম	৫৮
১৪.৩	বিভিন্ন কমিটির প্রধানগণের নাম	৫৮
১৪.৪	List of Officer's in Bangladesh Mission (Labour Wing)	৫৯-৬২

**ফটো গ্যালারী**

৬৩-৬৮



## অধ্যায়-১

## বোর্ডের পরিচিত

## ১.১ পটভূমি

বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত ১.২৫ কোটির অধিক বাংলাদেশি কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের সার্বিক কল্যাণ সাধনে ১৯৯০ সালে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল গঠিত হয়। অতঃপর ২০১৩ সালে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড গঠন করা হয়। ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বিধিমালা, ২০০২ অনুযায়ী একটি পরিচালনা বোর্ডের মাধ্যমে প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হতো। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ পাসের মাধ্যমে পূর্ণাঙ্গ বোর্ড গঠন করা হয়। আইন অনুসারে ১৬ সদস্যের একটি পরিচালনা পরিষদ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম পরিচালনা করছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব পরিচালনা পরিষদের (বোর্ড) সভাপতি। সদস্য হিসেবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা ও সেবা বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিএমইটি, বোয়েসেল, বাংলাদেশ ব্যাংক, বিদেশ প্রত্যাগত ০১ জন নারীসহ প্রত্যাগত ০৩ জন কর্মী এবং বায়রার প্রতিনিধি রয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক পরিচালনা পরিষদের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

## ১.২ ভিশন

- প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য অর্থবহ ও টেকসই কল্যাণ নিশ্চিত করা।

## ১.৩ মিশন

- প্রবাসী কর্মীদের আইনগত সহায়তাসহ সার্বিক কল্যাণ সাধন করা;
- প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের সদস্যদের জীবনমানের উন্নয়ন সাধন করা;
- বিদেশ প্রত্যাগত কর্মীদের Social re-integration এর আওতায় আনা; এবং
- প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা অর্জনে আর্থিক সহায়তা প্রদান করা।



ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কল সেন্টার উদ্বোধন

### অধ্যায়-২


## সচেতনতামূলক কার্যক্রম

### ২.১ প্রাক-বহির্গমন ব্রিফিং

চাকুরি নিয়ে বিদেশ গমনকারী কর্মীদের সংশ্লিষ্ট দেশের আইন, নিয়ম-কানুন, রীতি-নীতি, ভাষা, আবহাওয়া, পরিবেশ, শ্রম আইন, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে ধারণা দিতে বিদেশ গমনের পূর্বে সচেতনতামূলক প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান করা হয়। এর ফলে বিদেশ গমনের পূর্বে কর্মীরা সংশ্লিষ্ট দেশের সার্বিক বিষয় সম্পর্কে অবহিত হতে পারেন।

#### প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান (২০১৭-১৮)

মাস	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	সর্বমোট
সংখ্যা	৪৫৬৩	৪১৫০	৪৩৪২	৩৭৪০	৩০৪১	৩১৭০	৩৭৫০	২৯৩০	৪০৩১	৪১৫০	৩৭৪০	৩১৭০	৪৪৭৭৭



### ২.২ স্থানীয় পর্যায়ে প্রচার


প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের বোর্ড প্রদত্ত বিভিন্ন সেবা সম্পর্কে অবহিতকরণ এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে জেলা ও উপজেলা প্রশাসন এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের মাধ্যমে তৃণমূল পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

### ২.৩ প্রবাসে প্রচার ও চিত্ত বিনোদন

প্রবাসে কর্মরত কর্মীদের সঙ্গে বাংলাদেশ মিশনসমূহের নিবিড় সম্পর্ক স্থাপনে সংশ্লিষ্ট দেশের বিভিন্ন শহরে চিত্ত বিনোদনসহ নানা ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর ফলে প্রবাসী কর্মী তথা বাংলাদেশ কমিউনিটির সঙ্গে বাংলাদেশ মিশনসমূহের এক সেতু বন্ধন রচিত হয়। মিশনসমূহের শ্রম উইং তাঁদের বিভিন্ন সুবিধা-অসুবিধা এবং করণীয় সম্পর্কে সরাসরি অবহিত হন এবং তা সমাধানে কার্যকর ব্যবস্থা গ্রহণ করে। বিভিন্ন দূতাবাসে প্রবাসী কর্মীদের নিয়মিত ওপেন হাউস সভার মাধ্যমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম ও ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড প্রদত্ত বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত করা হয়। এছাড়া বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রমের মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করা হয়।

বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে প্রচার ও চিত্ত বিনোদন কার্যক্রমের জন্য অর্থ বরাদ্দ (২০১৭-১৮)

ক্রম	দেশ	বরাদ্দকৃত অর্থ	ক্রম	দেশ	বরাদ্দকৃত অর্থ
১	আবুধাবী, ইউএই	২৫০০০০.০০	১৬	মালয়েশিয়া	১০০০০০.০০
২	জেদ্দা, সৌদি আরব	১০০০০০.০০	১৭	বাহরাইন	১০০০০০.০০
৩	রিয়াদ, সৌদি আরব	১০০০০০.০০	১৮	দক্ষিণ আফ্রিকা	৫০০০০.০০
৪	দুবাই, ইউএই	৩০০০০০.০০	১৯	রোম, ইতালী	৫০০০০.০০
৫	কুয়েত	১৩৩২৯১.০০	২০	অস্ট্রেলিয়া	২০০০০০.০০
৬	কাতার	২০০০০০.০০	২১	ইরাক	১০০০০০.০০
৭	ওমান	১০০০০০.০০	২২	মিলান, ইতালী	২০০০০০.০০
৮	জর্ডান	১০০০০০.০০	২৩	স্পেন	২০০০০০.০০
৯	ব্রুনাই	১০০০০০.০০	২৪	হংকং	২০০০০০.০০
১০	সিংগাপুর	১০০০০০.০০	২৫	কানাডা	১০০০০০.০০
১১	দক্ষিণ কোরিয়া	১০০০০০.০০	২৬	নিউইয়র্ক, ইউএসএ	-
১২	জাপান	১০০০০০.০০	২৭	লসএঞ্জেলস, ইউএসএ	১৫০০০০.০০
১৩	গ্রীস	১০০০০০.০০	২৮	অস্ট্রিয়া	২০০০০০.০০
১৪	লিবিয়া	৫০০০০.০০	২৯	লেবানন	১০০০০০.০০
১৫	মালদ্বীপ	১০০০০০.০০	৩০	পুর্তগাল	১০০০০০.০০
				মোট	৩৭৮৩২৯১



প্রবাসে প্রচার ও চিত্ত বিনোদন কার্যক্রমের জন্য অর্থ বরাদ্দের চিত্র



অধ্যায়-৩


প্রবাসী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন ও পরিবারকে আর্থিক সহায়তা

৩.১ মৃতদেহ দেশে আনয়ন/ সংশ্লিষ্ট দেশে দাফন

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ পরিবারের লিখিত মতামত সাপেক্ষে দেশে আনা হয়। কোন কর্মীর পরিবার মৃতদেহ সংশ্লিষ্ট দেশে দাফনের আশ্রয় প্রকাশ করলে পরিবারের লিখিত মতামত সাপেক্ষে বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট দেশে দাফনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

মৃতদেহ দেশে আনয়ন (২০১৭-১৮)

মাস	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	সর্বমোট
সংখ্যা	২৯৬	৩২৫	২১০	২৯৬	২৬৮	২৩৩	৩১৭	২৯৭	৩৫১	২৬২	৩১৩	২৯৬	৩৪৬৪




মৃতদেহ দেশে আনয়নের চিত্র

৩.২ মৃতদেহ আনয়নে ব্যয়

প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ সাধারণত নিয়োগকর্তার খরচে দেশে আনা হয়। কোন কোন ক্ষেত্রে নিয়োগকর্তা পাওয়া না গেলে অথবা নিয়োগকর্তা অপারগতা প্রকাশ করলে অথবা বাংলাদেশ কমিউনিটির সহায়তা পাওয়া না গেলে মৃতদেহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থে দেশে আনা হয়। এজন্য প্রতি অর্থ বছর বাংলাদেশ মিশনসমূহের শ্রম উইথিংয়ে “মৃতদেহ দেশে প্রেরণ” বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

মৃতদেহ দেশে আনয়নে ব্যয়ের চিত্র (২০১৭-১৮)

দেশ	টাকা	দেশ	টাকা
আবুধাবী, ইউএই	৬,০০,০০০.০০	বাহরাইন	৩৫০০০০.০০
জেদ্দা, সৌদি আরব	৭,০০,০০০.০০	মালদ্বীপ	৬০০০০০.০০
রিয়াদ, সৌদি আরব	৫,০০,০০০.০০	মালয়েশিয়া	৫০০০০০.০০
দুবাই, ইউএই	১৪,০০,০০০.০০	ইন্দোনেশিয়া	২০০০০০.০০
কুয়েত	৩,৬৪,৭৪৯.০০	দক্ষিণ আফ্রিকা	১০০০০০.০০
কাতার	২,০০,০০০.০০	অস্ট্রেলিয়া	১০১২০০০.০০
ওমান	১০,০০,০০০.০০	ইরাক	৫০০০০০.০০
জর্ডান	১০,০০,০০০.০০	মিলান, ইতালী	২৪০০০০০.০০
মিশর	১,০০,০০০.০০	স্পেন	৫০০০০০.০০
সিংগাপুর	২০০০০০.০০	সুইজারল্যান্ড	১০০০০০.০০
দক্ষিণ কোরিয়া	৫০০০০০.০০	রাশিয়া	২০০০০০.০০
গ্রীস	৯০০০০০.০০	নিউইয়র্ক, ইউএসএ	৭০০০০০.০০
লিবিয়া	১৮০০০০০.০০	লেবানন	৩৪০০০০০.০০
ব্রুনাই	২০০০০০.০০	জাপান	২০০০০০.০০
রোম, ইতালী	২৫০০০০০.০০	ওয়াশিংটন ডিসি, ইউএসএ	১০০০০০.০০
		মোট	২,২৮,২৬,৭৪৯.০০




মৃতদেহ দেশে আনয়নে ব্যয়ের চিত্র

### ৩.৩ মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ সহায়তা


প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে পৌঁছালে বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক এর মাধ্যমে মৃতের পরিবারের নিকট হস্তান্তর করা হয়। মৃতদেহ হস্তান্তরের সময় প্রত্যেক মৃত কর্মীর পরিবারকে তাৎক্ষণিকভাবে মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার চেক প্রদান করা হয়।

#### পরিবারের সংখ্যা ও প্রদানকৃত অর্থ (২০১৭-১৮)

জুলাই		আগস্ট		সেপ্টেম্বর		অক্টোবর		নভেম্বর		ডিসেম্বর		জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল		মে		জুন		সর্বমোট			
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা		
৩০৫	১,০৬,৭৫,০০০/-	৩০৫	১,০৬,৭৫,০০০/-	২২৪	৭৮,৪০,০০০/-	২৯২	১,০২,২০,০০০/-	২৭৫	৯৬,২৫,০০০/-	৩১১	১,০৮,৮৫,০০০/-	৩৫৬	১,২৪,৬০,০০০/-	৩০৩	১,০৬,০৫,০০০/-	৩৪০	১,১৯,০০,০০০/-	২৪৪	৮৫,৪০,০০০/-	২৯৫	১,০৩,২৫,০০০/-	২৫৪	৮৮,৯০,০০০/-	৪৫০	১,২৬,৬০,০০০/-	৪৫০	১,২৬,৬০,০০০/-



মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য গ্রহণকৃত পরিবারের চিত্র



মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ আর্থিক সাহায্যতা প্রদানের চিত্র




### ৩.৪ আর্থিক অনুদান


বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) নিয়ে বিদেশে গমনকারী অথবা বিদেশে বৈধভাবে কর্মরত অথবা অনাবাসী বাংলাদেশি (এনআরবি) হিসেবে বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্ত কর্মী প্রবাসে মৃত্যুবরণ করলে তাঁদের পরিবারকে বোর্ড থেকে এককালীন ০৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান প্রদান দেয়া হয়। এছাড়া যে সকল কর্মী ছুটিতে কিংবা অসুস্থ হয়ে দেশে আসার ০৬ মাসের মধ্যে মৃত্যুবরণ করেন, তাঁদের পরিবারকেও সমপরিমাণ অর্থ অনুদান দেয়া হয়।

#### পরিবারের সংখ্যা ও প্রদানকৃত অর্থ (২০১৭-১৮)

জুলাই		আগস্ট		সেপ্টেম্বর		অক্টোবর		নভেম্বর		ডিসেম্বর		জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল		মে		জুন		সর্বমোট			
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা		
৭২৬	-/৪৪৪'৪৪'৬৮'৭	১৬৬	-/০৩০'৫৭'৬৬'৯	২৩৩	-/০৩০'২৫'৩৩'৭৩'৭	৭৩৩	-/০০০'০০'০০'০০'০	০১৩	-/০০০'০০'০০'০০'০	৭৭১	-/০০০'০০'০০'০০'০	৭৭২	-/২২৪'১৪'৩০'৭	৬৯২	-/৬০০'০৩'৫৪'০৪'৭	৬৭২	-/০০০'০০'০০'০০'০	৭৯২	-/০০০'০০'০০'০০'০	৪৯২	-/০০০'০০'০০'০০'০	৪০২	-/০০০'০০'০০'০০'০	৩০৪	-/০০০'০০'০০'০০'০	৩৭২	-/০০০'০০'০০'০০'০



আর্থিক অনুদান গ্রহণকৃত পরিবারের চিত্র




আর্থিক অনুদান প্রদানের চিত্র

৩.৫ মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইস্যুরেন্সের অর্থ আদায় ও বিতরণ


বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর মৃত্যুজনিত কারণে নিয়োগকর্তা অথবা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইস্যুরেন্সের অর্থ পাওয়ার সম্ভাবনা থাকলে তা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের শ্রম উইংয়ের মাধ্যমে আদায়ের ব্যবস্থা করা হয়। আদায়কৃত উক্ত অর্থ তাঁদের ওয়ারিশদের মধ্যে যথাযথভাবে বিতরণ করা হয়।

মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইস্যুরেন্স বাবদ আদায়কৃত অর্থ বিতরণ (২০১৭-১৮)

জুলাই		আগস্ট		সেপ্টেম্বর		অক্টোবর		নভেম্বর		ডিসেম্বর		জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল		মে		জুন		সর্বমোট	
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা
১৫১	৭,৬৩,৩০,৪৯৩/-	৮৩	৭,১০,৪৩,৮৩৮/-	৭৩	৬,৫২,১১,১৯০/-	১০২	৮,৯৪,২৫,৪১৮.০১	৬৩	৬,৪২,৬২,৪৮৪/-	১২	১,১০,৮৪,৪৯৭/-	৭৬	৫,২২,৬২,৮৯৩/-	৪৭	৩,৫১,৮১,২৫৩/-	৪১	৩,৪১,৫৬,৫০৭/-	৩৫	৪,৫২,৮৭,৩৮৪/-	১১১	৭,৫৩,১৭,৫২৭/-	৬৮	৩,৯৬,০৫,৮৭৩/-	৮৯৭	৬৫,৯১,৬৯,৩৫৭.০১



মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইস্যুরেন্স এর অর্থ গ্রহণকারী পরিবারের চিত্র



মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইস্যুরেন্স এর অর্থ বিতরণের চিত্র

অধ্যায়-৪



অসুস্থ কর্মীদের সহায়তা

৪.১ চিকিৎসার্থে আর্থিক সহায়তা

প্রবাসে কর্মরত অনেক কর্মী নানা ধরনের দুর্ঘটনার শিকার হয়ে গুরুতর আহত অথবা অন্য কোন কারণে অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম হয়ে পড়েন। এ সকল কর্মী দেশে আসার পর তাঁদের চিকিৎসার্থে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ০১ (এক) লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সাহায্য প্রদান করা হয়।

অসুস্থ কর্মীর সংখ্যা ও আর্থিক সহায়তার পরিমাণ (২০১৭-১৮)

সৌদি আরব (রিয়াদ)		সৌদি আরব (জেদ্দা)		দুবাই, ইউএই		আবুধাবী, ইউএই		ওমান		কুয়েত		কাতার		মালয়েশিয়া		লেবানন		সিঙ্গাপুর		বাহরাইন		জর্ডান		সর্বমোট	
সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা
২১	০০০০০৭১	৭	০০০০০৭১	৪	৩৮০০০৭১	৭	০০০০০০৭	৭	০০০০০০৬১	৪	০০০০০০৪	৩	২৫০০০০২	৩	৩০০০০০৩	১	১০০০০০১	২	২০০০০০২	১৪	০০০০০০১৪	১	১০০০০০১	৬৭	০০০০০০৬৭





## ৪.২ অসুস্থ কর্মীদের হাসপাতালে ভর্তি


প্রবাসে বিভিন্ন কারণে গুরুতর আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহযোগিতায় এবং ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ব্যবস্থাপনায় দেশে ফেরত আনা হয়। কর্মী বিমানবন্দরে পৌঁছালে বোর্ডের প্রতিনিধির উপস্থিতিতে তাঁকে গ্রহণপূর্বক উপযুক্ত সরকারি হাসপাতালে ভর্তি করা হয়। ২০১৭-১৮ অর্থ বছরে দুবাই হতে ০৮ জন, সৌদি আরব ০৫ জন, আবুধাবী ০৪ জন, ওমান ০৩ জন, বাহরাইন ১০ জন, কুয়েত ০৫ জন, কোরিয়া ০২ জন, কাতার ০৩ জন, মরিশাস ০১ জনসহ মোট ৪১ জন কর্মীকে দেশে ফেরত এনে হাসপাতালে ভর্তিসহ অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়েছে।

## ৪.৩ প্রবাসে অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীর চিকিৎসা

প্রবাসে গুরুতর আহত, অসুস্থ এবং শারীরিকভাবে অক্ষম কর্মীদের সাধারণত নিয়োগকর্তার খরচে চিকিৎসার ব্যবস্থা করা হয়। কোন কর্মীর নিয়োগকর্তা না থাকা অথবা নিয়োগকর্তা অপারগতা প্রকাশ করলে কর্মীর চিকিৎসা ব্যহত হয়। এ সকল কর্মীদের বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট দেশেই চিকিৎসার ব্যবস্থা করা হয়। এ লক্ষ্যে বাংলাদেশ মিশনসমূহে ‘অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীদের আর্থিক সাহায্য’ প্রদান বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

### অসুস্থ ও বিপদগ্রস্ত কর্মীদের আর্থিক সাহায্য বাবদ খাতে অর্থ বরাদ্দ (২০১৭-১৮)

ক্রম	দেশের নাম	অর্থ বরাদ্দ	ক্রম	দেশের নাম	অর্থ বরাদ্দ
১।	আবুধাবী, ইউএই	৫০০০০০.০০	১৮।	পর্তুগাল	১৫০০০০.০০
২।	জেদ্দা, সৌদি আরব	২০০০০০.০০	১৯।	বাহরাইন	৫০০০০০.০০
৩।	রিয়াদ, সৌদি আরব	৩০০০০০.০০	২০।	দক্ষিণ আফ্রিকা	৫০০০০.০০
৪।	দুবাই, ইউএই	৮০০০০০.০০	২১।	রোম, ইতালী	৫০০০০.০০
৫।	কুয়েত	১০৪১৮৫.০০	২২।	ইরাক	২০০০০০.০০
৬।	কাতার	২০০০০০.০০	২৩।	মিলান, ইতালী	১৫০০০০.০০
৭।	ওমান	৩০০০০০.০০	২৪।	স্পেন	১৫০০০০.০০
৮।	জর্ডান	২০০০০০.০০	২৫।	সুইজারল্যান্ড	৫০০০০.০০
৯।	মিশর	২০০০০০.০০	২৬।	রাশিয়া	৫০০০০.০০
১০।	ব্রুনাই	১০০০০০.০০	২৭।	হংকং	৩৫০০০০.০০
১১।	সিংগাপুর	১০০০০০.০০	২৮।	কানাডা	১০০০০০.০০
১২।	দক্ষিণ কোরিয়া	১০০০০০.০০	২৯।	ইন্দোনেশিয়া	১০০০০০.০০
১৩।	জাপান	৫০০০০.০০	৩০।	নিউইয়র্ক, ইউএসএ	৬০০০০০.০০
১৪।	গ্রীস	১০০০০০.০০	৩১।	অস্ট্রিয়া	৫০০০০.০০
১৫।	লিবিয়া	১৫০০০০.০০	৩২।	ওয়াশিংটন ডি. সি, ইউএসএ	১০০০০০.০০
১৬।	মালদ্বীপ	২৫০০০০.০০	৩৩।	লেবানন	৭০০০০০.০০
১৭।	মালয়েশিয়া	২০০০০০.০০		সর্বমোট	৭২০৪১৮৫.০০



প্রবাসে অসুস্থ ও বিপদ গ্রস্তকর্মীদের আর্থিক সাহায্য প্রদানে অর্থ বরাদ্দের চিত্র

## 8.8 অ্যাম্বুলেন্স সুবিধা প্রদান

বিদেশে ফেরত অসুস্থ ও মৃত কর্মী পরিবহনের জন্য বিমানবন্দর হতে অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়। এ লক্ষ্যে বোর্ড হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় ০২টি এবং শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ ০১টি অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রিত অ্যাম্বুলেন্স প্রদান করা হয়েছে। এছাড়া অসুস্থ কর্মীর সাথে আগত সহযোগী চিকিৎসক ও নার্সকে উন্নতমানের হোটেলে থাকা-খাওয়ার ব্যবস্থাসহ অন্যান্য সহায়তা প্রদান করা হচ্ছে।



অ্যাম্বুলেন্স সেবা কার্যক্রম উদ্বোধন



## অধ্যায়-৫

### আইনগত সহায়তা, নারী কর্মীদের আশ্রয় প্রদান এবং কর্মীদের ফেরত আনয়ন

#### ৫.১ স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইন সহায়তা

প্রবাসী কর্মীর পরিবার দেশে নানা ধরনের সমস্যার সম্মুখীন হন। কর্মীর নিরাপত্তাজনিত হুমকি, সম্পত্তি জবর দখল, হয়রানিসহ বিভিন্ন সমস্যার উদ্ভব হলে তা নিরসনে স্থানীয় প্রশাসনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

#### ৫.২ প্রবাসে আইন সহায়তা

প্রবাসে কর্মরত কর্মীরা বিভিন্ন ধরনের অপরাধ অথবা অন্য কোন কারণে সে দেশের আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার অথবা হয়রানির শিকার হন। কোন কোন ক্ষেত্রে নিয়োগকর্তা অথবা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কর্মীদের বিরুদ্ধে ও বিভিন্ন ধরনের হয়রানিমূলক মামলা দায়ের করা হয়। মৃত্যুজনিত ক্ষতিপূরণসহ অন্যান্য অর্থ আদায়ে শ্রম আদালতে মামলা পরিচালনা করতে হয়। এ সকল মামলা পরিচালনার জন্য বাংলাদেশ মিশনসমূহের শ্রম উইংয়ের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।




প্রবাস ফেরত নারী কর্মীকে আর্থিক সহায়তা প্রদান করছেন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক



বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান খাতে অর্থ বরাদ্দ (২০১৭-১৮)

ক্রম	দেশের নাম	অর্থের পরিমাণ	ক্রম	দেশের নাম	অর্থের পরিমাণ
১	আবুধাবী, ইউএই	৫০০০০০.০০	১২	জাপান	১০০০০০.০০
২	জেদ্দা, সৌদি আরব	২০০০০০.০০	১৩	গ্রীস	১৫০০০০.০০
৩	রিয়াদ, সৌদি আরব	২০০০০০.০০	১৪	লিবিয়া	৫০০০০.০০
৪	কুয়েত	১০০০০০.০০	১৫	মালদ্বীপ	৫০০০০.০০
৫	কাতার	২০০০০০.০০	১৬	মালয়েশিয়া	১০০০০০.০০
৬	ওমান	২০০০০০.০০	১৭	বাহরাইন	১৫০০০০.০০
৭	জর্ডান	২০০০০০.০০	১৮	দক্ষিণ আফ্রিকা	৫০০০০.০০
৮	ব্রুনাই	৯০০০০.০০	১৯	রোম, ইতালী	৫০০০০.০০
৯	সিংগাপুর	১০০০০০.০০	২০	ইরাক	১০০০০০.০০
১০	দক্ষিণ কোরিয়া	১০০০০০.০০	২১	হংকং	৫০০০০.০০
১১	লেবানন	৫০০০০.০০	২২	কানাডা	৫০০০০.০০
				সর্বমোট	২৮,৪০,০০০.০০



বাংলাদেশ মিশনসমূহে আইন সহায়তা বাবদ খাতে অর্থ বরাদ্দের চিত্র

### ৫.৩ সেইফ হোম স্থাপন ও পরিচালনা

প্রবাসে কর্মরত নারী কর্মীরা বিভিন্ন সময় নিয়োগকর্তা কর্তৃক নানা ধরনের নির্যাতন, হয়রানি অথবা নিরাপত্তাজনিত সমস্যায় পড়েন। এ সকল বিপদগ্রস্ত নারী কর্মীদের নিরাপদ আশ্রয় প্রদানের জন্য সংশ্লিষ্ট দেশে সেইফ হোম স্থাপন করা হয়েছে। এসব সেইফ হোমসমূহ বাংলাদেশ মিশনসমূহের শ্রম উইংয়ের তত্ত্বাবধানে পরিচালিত হয়। সেইফ হোম তত্ত্বাবধানে জনবল, আশ্রয় গ্রহণকারী নারী কর্মীদের খাবার এবং চিকিৎসাসহ অন্যান্য ব্যয় বোর্ড হতে বহন করা হয়। বর্তমানে সৌদি আরবের রিয়াদে ০১টি, জেদ্দায় ০২টি এবং ওমানে ০১টিসহ মোট ০৪টি সেইফ হোম বিদ্যমান রয়েছে।

#### সেইফ হোম পরিচালনায় অর্থ বরাদ্দ (২০১৭-১৮)


জেদ্দা, সৌদি আরব	রিয়াদ, সৌদি আরব	ওমান	সর্বমোট
২৫,০০,০০০.০০	১২০,০০,০০০.০০	৪,০০,০০০.০০	১৪৯,০০,০০০.০০

### ৫.৪ নারী কর্মীদের দেশে ফেরত প্রেরণ

প্রবাসে কর্মরত বাংলাদেশি নারী কর্মীরা অনেক ক্ষেত্রে কর্মস্থলে অথবা নিয়োগকর্তার বাসায় নানা ধরনের হয়রাণি অথবা প্রতিকূল পরিস্থিতির শিকার হন। এরূপ পরিস্থিতিতে তাদের উদ্ধারপূর্বক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের খরচে দেশে ফেরত আনা হয়। চলতি অর্থবছরে বিভিন্ন দেশ হতে নারী কর্মী দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে বিদেশস্থ ০৯টি বাংলাদেশ মিশনে বোর্ড হতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

#### নারী কর্মী দেশে প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দ (২০১৭-১৮)

ক্রম	দেশ	অর্থ বরাদ্দ
১	আবুধাবী, ইউএই	৫০০০০০.০০
২	দুবাই, ইউএই	৪০০০০০.০০
৩	জেদ্দা, সৌদি আরব	৭০০০০০.০০
৪	রিয়াদ, সৌদি আরব	৮০০০০০.০০
৫	কাতার	২০০০০০.০০
৬	জর্ডান	৪০০০০০.০০
৭	মিশর	৫০০০০.০০
৮	হংকং	৩০০০০০.০০
৯	লেবানন	৮০০০০০.০০
১০	ওমান	৫০০০০০.০০
১১	সিঙ্গাপুর	১০০০০০.০০
১২	ইরাক	১০০০০০.০০
	মোট	৪৮,৫০,০০০.০০



নারী কর্মীদের দেশে ফেরত প্রেরণ খাতে অর্থ বরাদ্দের চিত্র



বিদেশ ফেরত অসুস্থ এক নারী কর্মীকে আর্থিক সহায়তা প্রদান



৫.৫ পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত আনয়ন

প্রবাসে বাংলাদেশি কর্মীরা নানা ধরনের অপরাধ, অনিয়ম, প্রতারণা এবং জালিয়াতির শিকার হয়ে সংশ্লিষ্ট দেশের আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার, হয়রানি অথবা মামলার সম্মুখীন হন। এসব কর্মীদের অনেকে দেশে ফেরত আসতে বাধ্য হন। কিন্তু আর্থিক অসামর্থ্যের কারণে তাদের দেশে ফেরত আসতে বিড়ম্বনার মধ্যে পড়তে হয়। এ সকল কর্মীদের দেশে ফেরত আনয়নে বোর্ড হতে বাংলাদেশ মিশনসমূহের অনুকূলে “পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত আনয়ন” বাবদ খাতে অর্থ বরাদ্দ দেয়া হয়।

পঙ্গু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দ (২০১৭-১৮)

ক্রম	দেশ	অর্থের পরিমাণ	ক্রম	দেশ	অর্থের পরিমাণ
১	আবুধাবী, ইউএই	১৫০০০০০.০০	১৫	লিবিয়া	১০০০০০.০০
২	জেদ্দা, সৌদি আরব	১০০০০০.০০	১৬	মালদ্বীপ	১০০০০০.০০
৩	রিয়াদ, সৌদি আরব	৮০০০০০.০০	১৭	মালয়েশিয়া	৩০০০০০.০০
৪	দুবাই, ইউএই	৬০০০০০.০০	১৮	বাহরাইন	৩০০০০০.০০
৫	কুয়েত	১৫৮৫১৮.০০	১৯	দক্ষিণ আফ্রিকা	৫০০০০.০০
৬	কাতার	২০০০০০.০০	২০	রোম, ইতালী	১০০০০০.০০
৭	ওমান	১২০০০০০.০০	২১	ইরাক	১০০০০০.০০
৮	জর্ডান	১০০০০০.০০	২২	মিলান, ইতালী	২০০০০০.০০
৯	মিশন	৫০০০০.০০	২৩	সুইজারল্যান্ড	১০০০০০.০০
১০	ব্রুনাই	১০০০০০.০০	২৪	ইন্দোনেশিয়া	১০০০০০.০০
১১	সিংগাপুর	২০০০০০.০০	২৫	লেবানন	৭০০০০০.০০
১২	দক্ষিণ কোরিয়া	১০০০০০.০০	২৬	অস্ট্রেলিয়া	১৫০০০০.০০
১৩	জাপান	১০০০০০.০০	২৭	ওয়াশিংটন ডি সি, ইউএস এ	৫০০০০.০০
১৪	গ্রীস	১০০০০০.০০		সর্বমোট	৭৬,৫৮,৫১৮.০০



পঞ্জু ও আটকে পড়া কর্মীদের দেশে ফেরত প্রেরণ বাবদ খাতে অর্থ বরাদ্দের চিত্র



আটকে পড়া বিদেশ ফেরত এক কর্মীকে আর্থিক সহায়তা প্রদান

অধ্যায়-৬

শিক্ষা কার্যক্রম

৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা


দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রবাসী কর্মীর সন্তান কোটায় কর্মীর সন্তানদের ভর্তির জন্য বোর্ড হতে প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের যৌথ প্রচেষ্টায় ২০১৬ সাল হতে উচ্চ মাধ্যমিক শ্রেণির ভর্তিতে ০.৫% আসন সংরক্ষণ করা হয়। এছাড়া স্নাতক শ্রেণির ভর্তিতে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রবাসী কর্মীর সন্তানদের জন্য আসন সংরক্ষণ করেছে। অন্যান্য শ্রেণির ভর্তিতেও আসন সংরক্ষণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

৬.২ শিক্ষাবৃত্তি প্রদান


প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের লেখাপড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ২০১২ সালে শিক্ষাবৃত্তি প্রবর্তন করা হয়। বর্তমানে ষষ্ঠ থেকে স্নাতক শেষ বর্ষ পর্যন্ত (ক্যাটাগরি: পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি অথবা সমমান) কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান করা হচ্ছে।

শিক্ষাবৃত্তি প্রদান (২০১৭-১৮)

ক্রম	ক্যাটাগরি	মাসিক বৃত্তির পরিমাণ	বাৎসরিক বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ	বাৎসরিক প্রদানকৃত অর্থ	সময়কাল	শিক্ষার্থীর সংখ্যা	বাৎসরিক শিক্ষাবৃত্তি বাবদ প্রদত্ত অর্থ
১	পিইসি/সমমান	৭০০/-	১,৫০০/-	৯,৯০০/-	৩ বছর	৫৭০	৫৬,৪৩,০০০/-
২	জেএসসি/সমমান	১,০০০/-	২,০০০/-	১৪,০০০/-	২ বছর	৪৪৪	৬২,১৬,০০০/-
৩	এসএসসি/সমমান	১,৫০০/-	৩,০০০/-	২১,০০০/-	২/৪ বছর	১৬৫	৩৪,৬৫,০০০/-
৪	এইচএসসি/সমমান	২,০০০/-	৩,০০০/-	২৭,০০০/-	৩/৪/৫ বছর	৪৮	১২,৯৬,০০০/-
সর্বমোট						১২২৭	১,৬৬,২০,০০০/-



বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর চিত্র



বৃত্তির অর্থ প্রদানের চিত্র



### ৬.৩ প্রবাসে বাংলাদেশি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনায় সহায়তা

প্রবাসী বাংলাদেশি কর্মীর সন্তানদের লেখাপড়ার সুবিধার্থে বাংলাদেশ কমিউনিটি পরিচালিত কিছু শিক্ষা প্রতিষ্ঠানে বোর্ড হতে আর্থিক সহায়তা প্রদান করা হয়। এ সকল প্রতিষ্ঠানে কর্মীর সন্তানেরা বাংলাদেশি কারিকুলামে বিদেশে বসেই লেখাপড়া করছে। ২০১৭-১৮ অর্থবছরে সৌদি আরবের বিভিন্ন স্কুলের জন্য দূতাবাসের চাহিদা অনুযায়ী বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব এর অনুকূলে বোর্ড হতে ১০.০০ (দশ) কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। উক্ত টাকা হতে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, রিয়াদ এর অনুকূলে ০৩ (তিন) কোটি টাকা, বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল বুরাইদা এর অনুকূলে ৭৭ লক্ষ টাকা, বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল (ইংরেজি কারিকুলাম), জেদ্দা এর অনুকূলে ০২ কোটি টাকা বিতরণ করা হয়। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি থাকায় দাম্মামস্থ বাংলা স্কুলের জমিক্রয় ও ভবন নির্মাণে দূতাবাস হতে প্রাক্কলনকৃত ১৩.৮৬ কোটি টাকার অনুমোদন দেয়া হয়। সে প্রেক্ষিতে দূতাবাসের চাহিদা মোতাবেক প্রাক্কলনের ১৩.৮৬ কোটি টাকার মধ্যে দাম্মামস্থ স্কুলের জমি ক্রয়ের জন্য রেমিট্যান্সকৃত ১০.০০ (দশ) কোটি টাকার মধ্যে অব্যয়িত ৪.২৩ কোটি টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়।



সৌদি আরবে বোর্ডের সহায়তায় প্রতিষ্ঠিত বাংলাদেশি শিক্ষা প্রতিষ্ঠান

অধ্যায়-৭


বিমানবন্দর সেবা

৭.১ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা

নিরাপদ বিদেশ গমন এবং প্রত্যাবর্তনকালে কর্মীদের বিমানবন্দরস্থ “প্রবাসী কল্যাণ ডেস্ক” এর মাধ্যমে সহায়তা প্রদান করা হয়। বর্তমানে দেশের তিনটি আন্তর্জাতিক বিমানবন্দর যথাক্রমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এবং শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ স্থাপিত প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের সার্বক্ষণিক সেবা প্রদান করা হচ্ছে।

প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা (২০১৭-১৮)

মাস	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	সর্বমোট
সংখ্যা	৭৬২১৫	৯৩৩৪১	৪৬৪১৫	৯৮৩১২	৯৭০৫৯	৭৬৬৯৩	৮১৮৪৬	৫৯৩৮২	৬২৯৭৩	৬৯১০৩	৭৩৭২৩	৪৪৯৭৫	৮৮০০৩৭



প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে সেবা প্রদানের চিত্র

৭.২ নিরাপদ অভিবাসনে সহায়তা

অবৈধভাবে বিদেশ গমন, প্রতারণা ও হযরানি বন্ধ তথা নিরাপদ বিদেশ গমন নিশ্চিত করতে বিদেশগামী কর্মীদের অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন স্মার্টকার্ড প্রদান করা হচ্ছে। এই স্মার্টকার্ড প্রদানে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। ২০১৭-১৮ অর্থবছরে স্মার্টকার্ড বাবদ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ০৪ কোটি ৫৫ লক্ষ ৯৮ হাজার ৮০০ টাকা ব্যয় হয়।



## অধ্যায়-৮

## অর্জনসমূহ

## ৮.১ “ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড” আইন প্রণয়ন

প্রবাসী কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের বহুমুখী কল্যাণ নিশ্চিতকরণে “ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮” প্রণীত হয়েছে।

## ৮.২ বীমা সুবিধা প্রদান

বিদেশগামী কর্মীদের বীমা সুবিধা প্রদানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড যৌথভাবে কাজ করছে। কর্মীদের বীমা সুবিধা প্রদানের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

## ৮.৩ অনিবন্ধিত প্রবাসী ও অনাবাসী বাংলাদেশিদের বোর্ডের ডাটাবেজে অন্তর্ভুক্তি

বিদেশে বসবাসরত অনিবন্ধিত ও অনাবাসী বাংলাদেশিদের (এনআরবি) বোর্ডের সেবার আওতায় আনায়নের লক্ষ্যে দূতাবাসের মাধ্যমে তাদের বোর্ডের ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হচ্ছে। ২০১৭-১৮ অর্থবছরে দূতাবাসের মাধ্যমে মোট ৫২০৪ জন কর্মীকে বোর্ডের ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে তাঁরা বোর্ড প্রদত্ত সকল ধরনের সুযোগ-সুবিধা প্রাপ্য হবে।

## ৮.৪ প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহায়তা

আর্থিকভাবে অস্বচ্ছল কর্মীরা ঋণ, ধার-দেনা, ভিটেমাটি বিক্রি ও সুদের টাকা যোগাড় করে বিদেশ গমন করেন। এ সকল কর্মীদের স্বল্প সুদে এবং সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে সরকার ২০১০ সালে প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপন করেছে। ব্যাংকের পরিশোধিত মূলধন গঠনের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ বছরে ৫০ কোটি টাকাসহ মোট ৩৮০ কোটি টাকা প্রদান করা হয়েছে। অর্থাৎ পরিশোধিত মূলধনের ৯৫% অর্থাৎ ৪০০ কোটি টাকার মধ্যে ৩৮০ কোটি টাকা এ বোর্ড হতে দেয়া হয়েছে।



প্রবাসী কর্মীদের বীমা সুবিধা প্রদান সংক্রান্ত সভা



### অধ্যায়-৯

## ডিজিটাইজেশন

### ৯.১ ই-ফাইলিং

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে। এর ফলে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণের পাশাপাশি কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে সারাদেশে সরকারি অফিসসমূহের মধ্যে ই-ফাইলিং এ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড-এর অবস্থান প্রথম।

### ৯.২ প্রবাসবন্ধু কল সেন্টার

প্রবাসী কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের নানাবিধ সেবা প্রদানের লক্ষ্যে প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে কর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া হচ্ছে। এর ফলে কর্মীরা সেবা গ্রহণ করতে পারছে। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত অন্যান্য দিনে প্রবাসবন্ধু কল সেন্টার সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা রাখা হয়। কল সেন্টারের নম্বরসমূহ- ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮। ১৭ ডিসেম্বর, ২০১৭ হতে জুন, ২০১৮ পর্যন্ত ৭৬৮ জন কর্মীর অভিযোগ/সমস্যা সমাধান করা হয়েছে।

### ৯.৩ অনলাইন অভিযোগ

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ওয়েবসাইট ([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)) ব্যবহার করে সেবা সংক্রান্ত অথবা বোর্ড সংশ্লিষ্ট অন্য কোন বিষয়ে সেবা প্রার্থী অনলাইনে অভিযোগ দাখিল করতে পারেন। নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগকারীকে অভিযোগের জবাব অথবা করণীয় সম্পর্কে অবহিত করা হয়। এর মাধ্যমে কর্মী এবং তাঁর পরিবারের সাথে একদিকে যেমন সম্পৃক্ততা বৃদ্ধি পেয়েছে অন্যদিকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

### ৯.৪ সোশ্যাল মিডিয়া

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সঙ্গে সাধারণ মানুষের নিবিড় সম্পৃক্ততা এবং বোর্ডের কার্যক্রম সম্পর্কে তাঁদের অবহিতকরণের লক্ষ্যে ফেইসবুক পেইজ চালু রয়েছে। ফেইসবুক পেজে সেবার তথ্যসমূহ আপলোডের পাশাপাশি সাধারণ নাগরিকদের প্রদত্ত মন্তব্যের জবাব অথবা চাহিত তথ্যাদি সরবরাহ করা হয়।

### ৯.৬ ইআরপি

বোর্ডের কার্যক্রমকে ডিজিটাইজড এবং তথ্য সংরক্ষণের ভান্ডার হিসেবে গড়ে তুলতে ই-ফাইলিং এর পাশাপাশি ইআরপি সিস্টেম চালু করা হয়েছে। বর্তমানে বোর্ডের সকল কার্যক্রম ইআরপি'র মাধ্যমে সম্পাদিত হচ্ছে।

## অধ্যায়-১০

